

৩.৫ উপরে বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে ০৮.১১.২০১৫ তারিখে একটি সার-সংক্ষেপ মাননীয় অর্থমন্ত্রীর নিকট উপস্থাপন করা হলে তিনি নির্মাণাধীন জাতীয় রাজস্ব ভবনটি বাস্তব প্রয়োজনের নিরিখে ২০ (বিশ) তলার পরিবর্তে ০২ (দুই)টি বেইজমেন্ট ও অত্যাধুনিক সুবিধা সম্বলিত কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ একক টাওয়ার বিশিষ্ট একটি ৩০ (ত্রিশ) তলা ভবন নির্মাণের জন্য প্রকল্পের ডিপিপি সংশোধনের অনুমতি প্রদান করেন।

৩.৬ মাননীয় অর্থমন্ত্রীর সদয় অনুমোদনের পরিপ্রেক্ষিতে প্রকল্পের ডিপিপি সংশোধন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে গত ২৫.১০.২০১৬ তারিখে প্রকল্পের ওপর পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভায় প্রকল্পের সংশোধন অনুমোদনের সুপারিশ করা হলে তা গত ২২.১২.২০১৬ তারিখে একনেক সভায় উপস্থাপন করা হয়। কিন্তু একনেক প্রকল্পের সংশোধন অনুমোদন না করে নিম্নরূপ সিদ্ধান্ত দেয় (সংলাগ-গ)-

“জাতীয় রাজস্ব ভবন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে প্রকল্পের কাজের পরিধি ব্যাপক পরিবর্তন করে এর বাস্তবায়ন করার কারণে অনুমোদন করা হল না এবং প্রকল্পটি ফেরত পাঠানো হল।“

৩.৭ এ পরিপ্রেক্ষিতে গত ০৭.০২.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে একনেক কর্তৃক প্রকল্পের সংশোধন প্রস্তাব ফেরত প্রদান করায় পরবর্তি করণীয় নির্ধারণের জন্য মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে এবং মাননীয় পূর্তমন্ত্রীর উপস্থিতিতে একটি সভা আহ্বান করার জন্য মাননীয় অর্থমন্ত্রী বরাবরে সার-সংক্ষেপ উপস্থাপন করা হয়েছে।

৩.৮ ২০১৭-১৮ অর্থবছরে প্রকল্পের জন্য ১০০ কোটি টাকার চাহিদা থাকলেও প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি অনুমোদিত না হওয়ায় মূল ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রায় ৬.৭৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৪.০ আলোচনা ও সিদ্ধান্তঃ

উপস্থাপিত পটভূমিতে প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি অনুমোদনের পরবর্তি করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

৪.১ সিনিয়র সচিব মহোদয় পরিকল্পনা সচিব বরাবর একটি ডিও পত্র প্রেরণ করবেন। এ লক্ষ্যে একটি খসড়া উপস্থাপন করতে হবে;

৪.২ নির্মাণাধীন ভবনের সম্মুখে জাতির জনকের একটি ম্যুরাল স্থাপন করতে হবে। এ লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর স্থাপত্য অধিদপ্তরকে আনুষ্ঠানিক পত্র দেবে;

৪.৩ ভবনের সীমান প্রাচীরে মহান স্বাধীনতা যুদ্ধ এবং জাতীয় ইতিহাসের প্রামাণ্য স্মরণিকা (১৯৫২ হতে ১৯৭১) স্থাপনের জন্য স্থাপত্য অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে; এবং

৪.৪ জুন, ২০১৭ মাসের দ্বিতীয় সপ্তাহে মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় পরিকল্পনা মন্ত্রী এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীসহ আলোচ্য প্রকল্পের ডিপিপি'র প্রস্তাবিত সংশোধন নিয়ে একটি আলোচনা সভার আয়োজন করতে হবে।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


স্বাক্ষরিত/=
(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১১.১৬-১৫০

তারিখঃ ১৪.০৫.২০১৭ খৃঃ

বিতরণঃ

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগীচা, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী, কর কমিশনার, কর অঞ্চল, নারায়ণগঞ্জ।
- ৬। জনাব মোঃ শাহীন মিয়া, নির্বাহী প্রকৌশলী, শের-ই-বাংলানগর গণপূর্ত বিভাগ, ঢাকা।
- ৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ আব্দুল আখের)
সিনিয়র সহকারী প্রধান
টেলিফোনঃ ৯৫৫৪৪৮২